

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৮৭

১৪/ দিয়াত বা রক্তপণ (ﷺ کتاب الدیات عن رسول الله) পরিচ্ছেদঃ ১. যে সংখ্যক উট দিয়াত হিসেবে প্রদান করতে হবে

باب مَا جَاءَ فِي الدِّيةِ كُمْ هِيَ مِنَ الإِبلِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدِ الدَّارِمِيُّ، أَخْبَرَنَا حَبَّانُ، وَهُوَ ابْنُ هِلَالٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَاشِدِ، أَنَّ رَسُولَ اللَّهِ أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ مُوسَى، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَتَلَ مُؤْمِنًا مُتَعَمِّدًا دُفِعَ إِلَى أَوْلِيَاءِ الْمَقْتُولِ فَإِنْ شَاءُوا قَلَلُهُ وَلَيْ الله عليه وسلم قَالَ " مَنْ قَتَلَ مُؤْمِنًا مُتَعَمِّدًا دُفِعَ إِلَى أَوْلِيَاءِ الْمَقْتُولِ فَإِنْ شَاءُوا قَالِنْ شَاءُوا أَخَذُوا الدِّيَةَ وَهِيَ تَلاَثُونَ حِقَّةً وَثَلاَثُونَ جَذَعَةً وَأَرْبَعُونَ خَلِفَةً وَمَا صَالَحُوا عَلَيْهِ فَهُو لَهُمْ " . وَذَلِكَ لِتَشْدِيدِ الْعَقْلِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ .

বাংলা

১৩৮৭। আমর ইবনু শুআইব (রাহঃ) হতে পর্যায়ক্রমে তার বাবা ও দাদার সূত্রে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি স্বেচ্ছায় ও সজ্ঞানে কোন ব্যক্তিকে খুন করবে তাকে নিহতের ওয়ারিসগণের নিকট সোপর্দ করা হবে। তারা চাইলে তাকে হত্যাও করতে পারে অথবা রক্তপণও আদায় করতে পারে। রক্তপণের পরিমাণ তিন বছরের ত্রিশটি উদ্রী, চার বছরের ত্রিশটি উট এবং চল্লিশটি গাভিন উদ্রী হতে হবে। দুই পক্ষের মধ্যে কোনরকম সমাধান হয়ে গেলে সেক্ষেত্রে সে অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। রক্তপণকে কঠোর করার জন্য এই নীতি গ্রহণ করা হয়েছে।

হাসান, ইবনু মা-জাহ (২৬২৬)

আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত হাদীসটিকে আবৃ ঈসা হাসান গারীব বলেছেন।

English

Narrated Amr bin Shu'aib:

from his father, from his grandfather that the Prophet (ﷺ) said: "Whoever



kills [a believer] deliberately, he is handed over to the guardians of the one killed. If they wish to, they have him killed, and if they wish to, they take the blood-money. That is thirty Hiqqah, thirty Jadha'ahs and forty pregnant camels. Whatever (amount more) they require from him, than that is for them (if they choose)." That is because of the severity of blood-money.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন